



তথ্যবিবরণী

নম্বর-০৪৮

রামেবি'র উন্নয়ন ও সম্প্রসারণ বিষয়ে গণমাধ্যম কর্মীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৭ আশ্বিন (২২ সেপ্টেম্বর):

আজ রবিবার (২২ সেপ্টেম্বর) রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় কন্টিনিউইং এডুকেশন সেন্টারে (ডিসিইসি ভবন) রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (রামেবি) উন্নয়ন ও সম্প্রসারণ বিষয়ে রাজশাহীর প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সম্পাদক, বার্তা সম্পাদক, ব্যুরো চিফ ও সংবাদ প্রতিনিধিদের সাথে এক মতবিনিময় সভায় অংশ নেন রামেবি'র নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ডা. মোহা: জাওয়াদুল হক।

মতবিনিময় সভায় ভাইস চ্যান্সেলর বলেন, 'অকুতোভয় ছাত্র-জনতা বৈষম্যহীন, দুর্নীতি ও অনাচারমুক্ত দেশ গড়ার যে স্বপ্ন নিজেরা দেখেছেন এবং জাতিকে দেখিয়েছেন, সে স্বপ্ন বাস্তবায়নের দায়িত্ব আমার আপনার সবার। সেই দায়িত্ববোধে অনুপ্রাণিত হয়েই আমরা আজ এই মতবিনিময় সভার আয়োজন করেছি।

সাংবাদিকতাকে একটি মহৎ পেশা উল্লেখ করে ভাইস চ্যান্সেলর বলেন, 'আপনারা জাতির বিবেক বা আয়নাও বলা চলে। কারণ আপনারাই দেশের ও সমাজের প্রকৃত চিত্র জাতির সামনে তুলে ধরেন। ছাত্র-জনতার অভ্যুত্থানের প্রত্য্যাশা ও আকাঙ্ক্ষা বাস্তবায়নে আপনাদের ভূমিকা তাই খুবই গুরুত্বপূর্ণ। আমার উপর যে গুরুদায়িত্ব অর্পিত হয়েছে তা যেন স্বচ্ছতা, সততা ও নিষ্ঠার সাথে পালন করতে পারি সেজন্য রাজশাহী অঞ্চলের সর্বস্তরের মানুষ, বিশেষ করে আপনাদের পরামর্শ ও সহযোগিতা প্রয়োজন।' সেজন্য আমি রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন এবং সম্প্রসারণ সম্পর্কে আপনাদের মতামত নেওয়ার জন্য এই মতবিনিময় করার সিদ্ধান্ত নিয়েছি।'

রামেবির একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরে ভাইস চ্যান্সেলর বলেন, আমি যখন দায়িত্ব নিই, তখন বিশ্ববিদ্যালয় ছিল একেবারেই অভিভাবকহীন। গুরুত্বপূর্ণ উচ্চ পদগুলো ছিল শূন্য। ইতোমধ্যে রেজিস্টার এবং পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে ০৬ মাসের জন্য নিয়োগ দেওয়া হয়েছে। তাদের নিয়ে আমি কোনও রকমে কাজ শুরু করেছি। ধীরে ধীরে বাকি পদগুলোতে নিয়োগ দেওয়া হবে ইনশাআল্লাহ। মন্ত্রণালয়ের পক্ষ থেকে যত দ্রুত সম্ভব পূর্ণ গতিতে কাজ শুরু করার নির্দেশনা দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, আমার আশু লক্ষ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস ও ভবন নির্মাণ, পোস্টগ্রাজুয়েশন কোর্স চালু এবং গবেষণা কার্যক্রম শুরু করা। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে আমি স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করতে চাই। এসব লক্ষ্য ও পরিকল্পনা গ্রহণ ও

বাস্তবায়নে আমি রাজশাহী অঞ্চলের সর্বস্তরের জনগণ এবং বিশেষভাবে সাংবাদিক সমাজের পরামর্শ ও সহযোগিতা কামনা করি।

এরপর ভাইস চ্যান্সেলর প্রফেসর ডা. মোহা: জাওয়াদুল হক, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে উন্মুক্ত আলোচনায় উপস্থিত গণমাধ্যমকর্মীদের মূল্যবান পরামর্শ ও মতামত শুনে এবং তাঁদের সেই পরামর্শ ও মতামতের আলোকে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করে দ্রুত বিশ্ববিদ্যালয়ের দৃশ্যমান উন্নয়নের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

করেন, রামেবি'র রেজিস্টার প্রফেসর ডা. আব্দুস সালাম সঞ্চালনায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় রামেবি'র পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ইঞ্জিনিয়ার সিরাজুম মুনির, পরিচালক (অর্থ ও হিসাব) ডা. জাকির হোসেন খোন্দকার উপস্থিত ছিলেন।

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৭:৩০ ঘ.